**সংবাদ**

তারিখ ... 03 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# সব পিস স্কুল বন্ধের নির্দেশ

## ১৪টি স্কুল পরিচালনা করে জামায়াত-শিবির

নিজস্ব বার্তা পরিবেশক

এবার ভারতের বিতর্কিত ইসলামী বক্তা ডা. জাকির নায়েকের নামে দেশে পরিচালিত অনুমোদনহীন সব 'পিস স্কুল' বন্ধের নির্দেশ দিয়েছে সরকার। বাতিল করা হয়েছে পিস স্কুলের নিবন্ধন। অভিযোগ রয়েছে, ডা. জাকির নায়েকের নামে দেশের বিভিন্ন জেলায় কর্মপক্ষে ১৪টি 'পিস স্কুল' পরিচালনা করছে জামায়াত-শিবির নেতারা।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, 'শিক্ষা মন্ত্রণালয় সম্প্রতি এক অফিস আদেশে অনুমোদনহীন পিস স্কুলসমূহ অবিলম্বে বন্ধ করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানিয়েছে।'

এছাড়া ঢাকার লালমাটিয়ায় পিস ইন্টারন্যাশনাল স্কুলের পাঠদানের অনুমতি বাতিল করতে ঢাকা শিক্ষা বোর্ডকেও নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এতে বলা হয়, 'বিতর্কিত কার্যক্রমে লিপ্ত থাকায় লালমাটিয়ার পিস স্কুলটির পাঠদানের অনুমতি বাতিল করার নির্দেশ দেয়া হয়েছে।'

এ ব্যাপারে জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক এটিএম মঈনুল হোসেন গতকাল বিকেলে সংবাদকে বলেন, 'মন্ত্রণালয়ের নির্দেশনা পাওয়ার সঙ্গে সঙ্গেই লালমাটিয়ার পিস স্কুলের রেজিস্ট্রেশন (নিবন্ধন) বাতিল করা হয়েছে।' এর আগে উগ্র ধর্মীয় মতবাদ প্রচার ও যুবকদের জঙ্গিবাদে উদ্বুদ্ধ করার অভিযোগে সম্প্রতি জাকির নায়েকের 'পিস টিভি'র সম্প্রচার বাংলাদেশে বন্ধ করা হয়। 'পিস' নামে বাংলাদেশে কতটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে, সে বিষয়ে সরকারের কাছে সুনির্দিষ্ট কোন তথ্য নেই।

ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ জানায়, রাজধানীর লালমাটিয়ায় পিস স্কুল নামে একটি ইংরেজি মাধ্যমের বিদ্যালয়ের সাময়িক নিবন্ধনই শুধু দেয়া হয়েছিল। বাকিগুলো অননুমোদিত। এদিকে অভিযোগ পাওয়া

বন্ধের : পৃষ্ঠা : ১৫ ক : ১

## শাবি : শিক্ষার্থী

(১ম পৃষ্ঠার পর)

আবদুল আজিজকে ক্যাম্পাস থেকে আটক করে ঢাকা নিয়ে আসে একই ইউনিট। আটক আবদুল আজিজ 'আনসারুল্লাহ বাংলা টিমের বিশ্ববিদ্যালয় শাখার সমন্বয়কের' কাজ করতেন বলে পরদিন ডিএমপি উপকমিশনার মাসুদুর রহমান সংবাদ মাধ্যমকে অবহিত করেন। জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের এই শিক্ষার্থী শাবির আইপিই বিভাগে ২০১১ সালে ভর্তি হন।